

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আব্দুলগ গনি রোড, ঢাকা।
www.rd.gov.bd

স্মারক নং- নিঅ/রেজিঃশাখাঃ-৪(ঢাঃবি)/৩১৫(৬১)

তারিখঃ ১৮/১০/২০২০ ইং

বিষয়ঃ বন্টননামা দলিল রেজিস্ট্রেশন কালে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ এইচ ধারায়
আয়কর আদায় প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ড (কর নীতি উইং) সেগুন বাগিচা, ঢাকা এর স্মারক নং-
০৮.০১.০০০০.০০৩.০৭.০০৭.২০১৫/১৪৮(১-২), তারিখঃ- ১৩-০৮-২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকে জানানো যাচ্ছে যে, বন্টননামা দলিল রেজিস্ট্রেশন কালে আয়কর
অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৩ এইচ ধারায় আয়কর আদায় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং
এর নির্দেশনা মোতাবেক বিভিন্ন ব্যক্তি সত্তার নামে যৌথ মালিকানায় ক্রয়কৃত জমি বা
অবকাঠামোর মালিকদের মধ্যে দলিল অনুযায়ী বন্টনকালে মূলধনী লাভ অর্জিত না হলে দলিল
সম্পাদনের ক্ষেত্রে ৫৩ এইচ ধারায় উৎসে আয়কর আদায় প্রযোজ্যতা নাই (কপি সংযুক্ত)।

স্বাক্ষরিত
(শহীদুল আলম ঝিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।